চুয়াডাঙ্গা জেলা ফুটবল অ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটির প্রথম সভা

চুয়াডাঙ্গা জেলা ফুটবল অ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটির প্রথম সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিকাল ৩টার সময় হোটেল সাহিদ প্যালেসে।

সভায় সভাপতিত্ব করেন নবনির্বাচিত সভাপতি এখলাছ উদ্দীন সুজন। উপস্থিত ছিলেন সহ-সভাপতি রেজাউল হক জোয়ার্দার কোষাধ্যক্ষ নাসির আহাদ জোয়ার্দারসহ কমিটির নির্বাহী সদস্যগণ।

পবিত্র কোরআন তেলাওয়াতের মধ্যদিয়ে সভা শুরু হয়। সভায় বাফুফের সভাপতি কাজী সালাহউদ্দিন প্রেরিত অভিনন্দন পত্র পাঠ করে শোনানো হয়। নবনির্বাচিত কমিটির পক্ষ থেকে বাফুফে সভাপতিকে ধন্যবাদ জানানো হয়। সেই সাথে বাফুফে সভাপতিকে ধন্যবাদ পত্র পৌঁছে দেয়ার জন্য নবনির্বাচিত কমিটির সভাপতি এখলাছ উদ্দীন সুজনকে দায়িত্ব দেওয়া হয়। সভায় সকল সদস্যগণ নিজ নিজ অভিজ্ঞতা ও পরামর্শ তুলে ধরেন। সকল সদস্য অতিদ্রুত জেলা ফুটবল লীগ শুরু করার তাগিদ দেন এবং কর্ম-পরিকল্পনা গ্রহণ করেন।

আলোচনা শেষে সভাপতি উপজেলা ভিত্তিক ফুটবল লীগ চালু করার জন্য প্রস্তুতি কমিটি গঠনের দায়িত্ব দেন ও সমাজের খেলা প্রিয় আর্থিক সচ্ছল প্রতিষ্ঠান গুলোকে এগিয়ে আশার আহবান জানান।

পরিশেষে এবং সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন নবনির্বাচিত সভাপতি এখলাছ উদ্দীন সুজন।

চুয়াডাঙ্গা জেলা রোভারের

কার্যনির্বাহী কমিটির সভা ও বিপি দিবস অনুষ্ঠিত

বাংলাদেশ স্কাউটস চুয়াডাঙ্গা জেলা রোভার এর কার্যনির্বাহী কমিটির সভা,বিপি দিবস উপলক্ষে কেক কাটা, এবং আলোচনা পরবর্তী র্যালি অনুষ্ঠিত হয়েছে ।

বুধবার সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে চুয়াডাঙ্গা জেলা রোভারের কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও চুয়াডাঙ্গা জেলা রোভারের সভাপতি মোহাম্মদ আমিনুল ইসলাম খানের উপস্থিতিতে চুয়াডাঙ্গা জেলা রোভারের কার্যনির্বাহী সভা ও বিপি দিবস অনুষ্ঠিত হয়।

এসময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও চুয়াডাঙ্গা জেলার রোভারের সভাপতি মোহাম্মদ আমিনুল ইসলাম খান বলেন, স্কাউট এর তিনটি শাখা কাব স্কাউট, স্কাউট এবং রোভার স্কাউট সবসময় আর্ত মানবতার জন্য কাজ করে থাকে । গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনা ক্রমে ২০২১ সালের মধ্যে বাংলাদেশে ২১ লক্ষ স্কাউট তৈরীর লক্ষ ইতিমধ্যে অর্জন করেছে বাংলাদেশ। সেইসাথে ২০৪১ সালের মধ্যে ৪১ লক্ষ স্কাউট তৈরীর লক্ষ্যে কাজ করছে বাংলাদেশ। স্কাউট রাষ্ট্রের সকল প্রকার কার্যক্রমে বিশেষভাবে সেবা প্রদান করে থাকে ।

এ সময় তিনি আরোও বলেন, স্মার্ট বাংলাদেশের লক্ষ্য নিয়ে বাংলাদেশ যে পথে এগিয়ে যাচ্ছে সেই জন্য তিনি কাব স্কাউট স্কাউট এবং রোভার স্কাউটদের বিশেষভাবে অবদান রাখা এবং ইউনিট লিডারদের প্রতি বিশেষ ভাবে অনুরোধ জ্ঞাপন করেন।

আলোচনা সভা শেষে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও চুয়াডাঙ্গা জেলা রোভারের সভাপতি মোহাম্মদ আমিনুল ইসলাম খান বিপি দিবস উপলক্ষে কাব স্কাউট, স্কাউট, রোভার এবং ইউনিট লিডারদের নিয়ে স্কাউটের প্রতিষ্ঠাতার জন্মদিন উপলক্ষে কেক কাটেন। স্কাউট এর প্রতিষ্ঠাতা রবার্ট স্টিভেন্সন স্মিথ লর্ড ব্যাডেন পাওয়েল অব গিলওয়েল স্কাউটদের মাঝে তিনি বি.পি. এবং গিলওয়েলের ব্যাডেন পাওয়েল নামেও সমাধিক পরিচিত।